আজকের কাগজ

তারিখ 23 SEP 1993
পৃষ্ঠা ৮ কলাম ৩

15

# বিশ্ববিদ্যালয় শিক্ষকদের ধর্মঘট অব্যাহত

**কাগজ প্রতিবেদক :** বিশ্ববিদ্যালয় শিক্ষকরা গতকাল থেকে দু'দিনব্যাপী ধর্মঘট শুরু করেছে। জাহাঙ্গীরনগর ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের সন্ত্রাসের সঙ্গে জড়িতদের গ্রেফতার ও বিচারের দাবিতে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশনের আহ্বানে ঐ কর্মসূচি পালিত হচ্ছে। শিক্ষকরা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ১০ জন শিক্ষকের নামে দায়ের করা মিথ্যে মামলাও প্রত্যাহারের দাবি জানান।

ধর্মঘট চলাকালে কোন ক্লাশ হয়নি। অবশ্য পরীক্ষাও প্রশাসনিক কাজকর্ম ধর্মঘটের বাইরে ছিলো। শিক্ষক সমিতি আজ সকালে টিএসসি মিলনায়তনে এক সমাবেশের আয়োজন করবে। এর আগে ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, জাহাঙ্গীরনগর, ইসলামী, প্রকৌশল ও বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে গত ৮ আগস্ট, ৫ সেপ্টেম্বর ও ৮ সেপ্টেম্বর একই দাবিতে ধর্মঘট পালন করে।